**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 09-01-2026** **Desk in Charge:- SDG**
**Time: 7-35 AM** **Compiling :- Sudip Basu**
**DEO: KB** **NRT : Sudip B.**

**Announcement :-** আকাশবাণী -খবর পড়ছিঃ /

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কয়লা পাচার মামলায় আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে চালানো তল্লাশি, নির্দিষ্ট প্রমাণভিত্তিক এবং এতে কোন রাজনৈতিক অভিসন্ধি নেই বলে ইডি জানিয়েছে। #এই ঘটনার প্রেক্ষিতে ইডি এবং আইপ্যাক-উভয়পক্ষই, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে।

২/ পরিযায়ী শ্রমিক ও প্রবাসী ভোটারদের জন্য SIR এর শুনানি প্রক্রিয়ায় বিশেষ ছাড় দেওয়ার কথা ঘোষণা করেছে নির্বাচন কমিশন।

৩/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরোধিতার কারণেই রাজ্যের মানুষ 'আয়ুষ্মান ভারত' প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত বলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা অভিযোগ করেছেন।

৪/ সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে টেট পাস না করা শিক্ষকদের সংখ্যা কত, তা' জানতে চেয়ে সব রাজ্যকে চিঠি দিয়েছে কেন্দ্র।

৫/ 'বিকশিত ভারত ইয়ং লিডারস্ ডায়লগ ২০২৬', আজ নতুন দিল্লিতে শুরু হচ্ছে।

# রাজ্য থেকে ৪৫ জন যুবক যুবতী, এতে যোগ দিচ্ছেন।

**********************************************************************

কয়লা পাচার মামলায় রাজ্যে, আই প্যাকের দপ্তরে চালানো তল্লাশি নির্দিষ্ট প্রমাণ ভিত্তিক এবং এই অভিযানে কোনো রাজনৈতিক অভিসন্ধি নেই বলে এনফোর্সমেন্ট ডিরেক্টোরেট- ইডি এক বিবৃতি জানিয়েছে। তারা বলেছে, অর্থ তছরুপের বিরুদ্ধে চালানো নিয়মিত তদন্তের'ই এটি অঙ্গ। এই বিবৃতিতে ইডি আরো জানিয়েছে, ২০২০ সালে অনুপ মাজি এবং অন্যদের বিরুদ্ধে CBI-এর দায়ের করা FIR-এর ভিত্তিতেই ইডি মামলা দায়ের করে। তদন্ত চলাকালীন দেখা যায়, অনুপ মাজি পশ্চিমবঙ্গে ECL–এর আওতাধীন এলাকা থেকে অবৈধভাবে খনন করে বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া এবং রাজ্যের অন্যান্য জেলার কারখানা ও প্লান্টে বিক্রি করতো। চালানো হত, হাওয়ালা চক্র'ও। এই হাওয়ালা চক্রের মাধ্যমেই আইপ্যাকের সঙ্গে কয়েক শো' কোটি টাকার আর্থিক লেনদেন হয়েছে বলে তদন্তে উঠে আসে। রাজ্যের ছ'টি এবং দিল্লির চারটি জায়গায় গতকাল অভিযান চালানো হয়।

বিবৃতিতে বলা হয়েছে, লওডন স্ট্রিটে আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে গোটা প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে চলছিল। সেইসময়েই রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিপুল সংখ্যক পুলিশ বাহিনী নিয়ে প্রতীকের বাড়িতে গিয়ে নথিপত্র এবং ইলেকট্রনিক্স ডিভাইস তাঁদের কাছ থেকে ছিনিয়ে নেন। সেখান থেকে মুখ্যমন্ত্রী পৌঁছন আইপ্যাকের দপ্তরে। সেখানেও পুলিশ কর্মীরা জোর করে তথ্যপ্রমাণ সরিয়ে নিয়ে গেছে। এই ঘটনার ফলে অর্থ পাচার প্রতিরোধের আওতায় তদন্ত অভিযান বাধাপ্রাপ্ত হয়েছে বলে ইডি ওই বিবৃতিতে জানিয়েছে।

**************************

বিজেপি, সরকারি তদন্তের কাজে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের তীব্র সমালোচনা করেছে। দলের সর্ব ভারতীয় মুখপাত্র সম্বিত পাত্র গতকাল বলেন, কোনো মুখ্যমন্ত্রী সরাসরি তথ্য প্রমাণ লোপাটের চেষ্টা করছেন, তা' এককথায় নজিরবিহীন।

( বাইট- সম্বিত পাত্র )

রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, মমতা ব্যানার্জী নিজেই তাঁর ভাবমূর্তির কফিনে শেষ পেরেক পুঁতে দিয়েছেন।

( বাইট- শমীক ৭-৫০)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও অভিযোগ করেছেন, তদন্তে বাধা দেওয়া মুখ্যমন্ত্রীর পুরোনো অভ্যাস।

***************************

আই-প্যাকের অফিসে ঢুকে মুখ্যমন্ত্রীর নথীপত্র ছিনিয়ে নিয়ে যাবার নিন্দা করেছেন CPIM এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী। আকাশবাণীর প্রশ্নের জবাবে তিনি বলেন, তৃনমূলকে সুযোগ করে দিতেই এরকম নাটক করা হলো।

( বাইট- সুজন )

আইপ্যাক-এর অফিসে ইডি-র হানার মাঝে মুখ্যমন্ত্রী সেখানে কেন গেলেন, সেই প্রশ্ন তুলেছেন প্রবীন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। RG KAR কান্ড, শিক্ষা দুর্নীতি সহ নানা ঘটনায় মুখ্যমন্ত্রীর এমন তৎপরতা দেখা যায়নি বলে উল্লেখ করেন তিনি।

***************************

আইপ্যাকের কর্ণধারের অফিস ও বাড়িতে অভিযান এবং তদন্তে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগের মধ্যেই ইডি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। ইডি-র আইনজীবী ধীরজ ত্রিবেদী বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানান, তাদের তদন্তের কাজে বাধা সৃষ্টি করা হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী ইডি আধিকারিকদের তদন্তে বাধা দিচ্ছেন। পাশাপাশি পুলিশ এ ব্যাপারে সম্পূর্ণ নিষ্ক্রীয়। অবিলম্বে আদালত হস্তক্ষেপ করুক এ বিষয়ে। বিচারপতি ঘোষ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন বলে খবর। অন্যদিকে, আই প্যাকের পক্ষ থেকেও পালটা আদালতের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তাদের পক্ষ থেকে আইনজীবী সব্যসাচী ব্যানার্জি ও অয়ন ভট্টাচার্য বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানিয়েছেন, তাদের সমস্ত ফাইলপত্র হাতিয়ে

নেওয়ার চেষ্টা করা হচ্ছে। অবিলম্বে ইডির এই তল্লাশির উপর স্থগিতাদেশ দেওয়া হোক।

***************************

পরিযায়ী শ্রমিক ও প্রবাসী ভোটারদের জন্য SIR এর শুনানি প্রক্রিয়ায় বিশেষ ছাড় দেওয়ার কথা ঘোষণা করেছে নির্বাচন কমিশন। ছাত্রছাত্রী, চিকিৎসার কারণে বিদেশে থাকা ব্যক্তির পাশাপশি কর্ম সূত্রে ভিন রাজ্যে থাকা সরকারি বেসরকারি কর্মী, সেনা ও আধাসেনা বাহিনীর সদস্য এবং রাষ্ট্রায়ত্ত সংস্থার কর্মীদের ক্ষেত্রেও ব্যক্তিগত হাজিরা থেকে অব্যাহতির নির্দেশ জারি করা হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি হওয়া দু'টি পৃথক বিবৃতিতে জানানো হয়েছে, রাজ্যের বাইরে অস্থায়ী ভাবে অবস্থানরত ভোটারদের এসআইআর শুনানিতে নিজে উপস্থিত থাকার প্রয়োজন নেই। পড়াশোনা, হাসপাতালে ভর্তি থাকা বা বেসরকারি ক্ষেত্রে কর্মরত ভোটারদের ক্ষেত্রে যেমন এই ছাড় প্রযোজ্য হবে, তেমনই রাজ্যের বাইরে কর্মরত সরকারি কর্মী, সেনা ও আধাসামরিক বাহিনীর সদস্য এবং পিএসইউ কর্মীরাও এই অব্যাহতির আওতায় পড়বেন। কমিশনের নির্দেশ অনুযায়ী, এই সব ভোটারের পরিবর্তে তাঁদের পরিবারের কোনও সদস্য প্রয়োজনীয় নথিপত্র নিয়ে শুনানিতে হাজির হতে পারবেন।

***************************

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার দ্বিতীয় পর্যায়ে রাজ্যজুড়ে গতকাল সন্ধ্যা পর্যন্ত ৭ লক্ষ ২৫ হাজার ৮৯৯ জন ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে। গতকাল একদিনে শুনানি হয়েছে মোট ৬৮ হাজার ৫৭৭ জন ভোটারের। কমিশন সূত্রে জানা গিয়েছে, পশ্চিমবঙ্গে এসআইআর পর্বে মোট ৩১ লক্ষ ৬৮ হাজার ৪২৬ জন ভোটারকে 'আনম্যাপড' বলে চিহ্নিত করা হয়েছিল। অর্থাৎ যে সকল ভোটার ২০০২ সালের ভোটার তালিকায় নিজেদের নাম, পরিবারের সদস্যদের নামের সঙ্গে সঠিকভাবে লিঙ্ক করতে পারেননি, তাঁরাই আনম্যাপড হিসাবে চিহ্নিত হয়েছিলেন। গতকাল এক বিজ্ঞপ্তিতে সিইও দফতর জানিয়েছে, সেই 'আনম্যাপড'দের মধ্যেই মোট ২৫ লক্ষ ৬০ হাজার ৪৭৬ জন ভোটারের কাছে শুনানি নোটিস পৌঁছে দেওয়া হয়েছে।

**************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরোধীতার কারণেই রাজ্যের মানুষ ‘আয়ুষ্মান ভারত’ প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত বলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা অভিযোগ করেছেন। কলকাতায় গতসন্ধ্যায় চিকিৎসকদের সঙ্গে এক বৈঠকে তিনি জানিয়েছেন, সারা দেশের মানুষ এই প্রকল্পের সুবিধা পেলেও পশ্চিমবঙ্গের মানুষ বঞ্চিত হচ্ছেন।

( বাইট- নাড্ডা )

শ্রী নাড্ডা বলেন, এর আগে ওড়িশায় প্রাক্তন মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক এবং দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল ‘আয়ুষ্মান ভারত’ প্রকল্প সে রাজ্যে চালু হতে দেননি। এর ফলে ওই দুই রাজ্যের মানুষ তাদের প্রত্যাখ্যান করে বিজেপিকে ক্ষমতায় নিয়ে এসেছে। তাই এরাজ্যেও মানুষ মমতা ব্যানার্জিকে অপসারিত করবে বলে তিনি আশাবাদী। স্বাস্থ্যমন্ত্রী আরও জানান, সারা দেশে জন্মকালীন মৃত্যুর হার কমে গেলেও এরাজ্যে সেই পরিসংখ্যান সবচেয়ে বেশি। এর অর্থ কেন্দ্রের পরিবার কল্যাণ মূলক প্রকল্পগুলি রাজ্যের মানুষের কাছে সঠিকভাবে পৌঁছাচ্ছে না। অনুষ্ঠানে বিভিন্ন মেডিকেল কলেজের চিকিৎসকরা অংশগ্রহণ করেন।

এর আগে কলকাতায় দলীয় কার্যকর্তা, জেলা সভাপতি, আহ্বায়কদের সঙ্গে বৈঠক করেন তিনি।

**************************

সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে টেট পাস না করা শিক্ষকদের সংখ্যা কত, তা জানতে চেয়ে সব রাজ্যকে চিঠি দিয়েছে কেন্দ্র।

উল্লেখ্য, গত সেপ্টেম্বরে সুপ্রিম কোর্ট নির্দেশ দেয়, সারা দেশে প্রাথমিক ও উচ্চ প্রাথমিক শিক্ষকদের টেট পাস করতে হবে। যাঁরা টেট পাস করেননি, তাঁদের পরবর্তী দু’বছরের মধ্যে ওই পরীক্ষায় পাশ করতে হবে। না হলে চাকরি ছাড়তে হবে বলেও শীর্ষ আদালত জানিয়েছিল। এই রায় পুনর্বিবেচনার জন্য সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় একাধিক রাজ্য।

শিক্ষক সংগঠনগুলির দাবি, এই রায় কার্যকর হলে দেশে বহু শিক্ষক চাকরি হারাবেন। সূত্রের খবর, শিক্ষামন্ত্রক চিঠিতে রাজ্যগুলির কাছ থেকে জানতে চেয়েছে, সুপ্রিম কোর্টের রায়ের ফলে কোন রাজ্যে কত শিক্ষক অসুবিধায় পড়তে চলেছেন। কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের জন্য আলাদা করে চাকরি ও আর্থিক সুরক্ষায় কী বন্দোবস্ত করা হচ্ছে, তা জানাতে বলা হয়েছে রাজ্যগুলিকে। সমস্যা সমাধানে উভয় সরকারের পদক্ষেপ গ্রহণ করার দাবি জানিয়েছে, শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ। মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, এর ফলে দেশের লক্ষ লক্ষ নিরপরাধ শিক্ষকদের বিপদের দিকে ঠেলে দেওয়া হচ্ছে।

**************************

সাগর মেলার শুরুতেই গঙ্গাসাগরে আজ ভোর রাতে অগ্নিকান্ডে একাধিক অস্থায়ী ছাউনি পুড়ে গেছে। ক্ষতিগ্রস্ত হয়েছে পুলিশ, তথ্য সংস্কৃতি দপ্তর, সংবাদ মাধ্যম এবং বজরং পরিষদের একাধিক শিবির। খবর পেয়ে, দমকলের দুটি ইঞ্জিন ও পাঁচটি ফায়ার ফাইটিং বাইক ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। গোটা এলাকা পুলিশ ঘিরে রেখেছে।

উল্লেখ্য, গতকালই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আনুষ্ঠানিকভাবে গঙ্গাসাগর মেলার সূচনা করেছেন।

**************************

গঙ্গাসাগর মেলায় প্রত্যাশিত ভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল থেকে আগামী ১৬ই জানুয়ারি পর্যন্ত অতিরিক্ত ট্রেন চালাবে। ওই সময়কালে প্রতিদিন ১৮ টি গ্যালোপিং মেলা স্পেশাল ট্রেন চালানো হবে। ১৮ টি EMU মেলা স্পেশালের মধ্যে ৬ টি শিয়ালদা দক্ষিণ শাখা, দুটি কলকাতা স্টেশন, ৯টি ট্রেন নামখানা ও একটি কাকদ্বীপ স্টেশন থেকে ছাড়বে। গালোপিং মেলা স্পেশাল ট্রেন গুলি বালিগঞ্জ, সোনারপুর, বারুইপুর, লক্ষ্মীকান্তপুর, নিশ্চিন্দপুর এবং কাকদ্বীপ ষ্টেশনে থামবে। কলকাতা স্টেশন থেকে যাত্রা শুরু করা মেলা স্পেশাল ট্রেনগুলি কলকাতা ও মাঝেরহাটের মধ্যে সব স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

**************************

নতুন দিল্লিতে আজ থেকে শুরু হচ্ছে ‘বিকশিত ভারত ইয়ং লিডারস্ ডায়লগ ২০২৬’। ভারত মন্ডপমে এই অনুষ্ঠান চলবে ১২ই জানুয়ারি পর্যন্ত। পশ্চিমবঙ্গ থেকে ৪৫জনের বেশি যুবক যুবতী অনুষ্ঠানে যোগদানের জন্য নির্বাচিত হয়েছে।

প্রাথমিকভাবে দেশজুড়ে ৫০লক্ষেরও বেশি তরুণ তরুণী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। তাদের মধ্যে থেকেই চূড়ান্ত পর্বের জন্য ১৫ হাজার যুবক যুবতীকে বেছে নেওয়া হয়।

উল্লেখ্য, ‘বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়লগ ২০২৬’, দেশের যুবসমাজকে নীতি নির্ধারক এবং জাতীয় নেতৃত্বের সঙ্গে সংযুক্ত করার একটি মাধ্যম। এই কর্মসূচিতে দেশের দীর্ঘমেয়াদি উন্নয়নের লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন ক্ষেত্রে বিষয়ভিত্তিক আলোচনা, বিশেষজ্ঞদের সঙ্গে আলাপচারিতা এবং নানা উপস্থাপনার আয়োজন করা হয়েছে।

সমাপ্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উপস্থিত থাকবেন।

************************************************************************